দৈনিক ইত্তেফাক

তারিখ ... 04 MAY 1990 ...
পৃষ্ঠা ... ... কলাম ...

# উন্নয়নের বাহন হিসাবে শিক্ষার প্রসার ঘটাইতে হইবে

—প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ উন্নয়নের বাহন হিসাবে শিক্ষাকে সমগ্র জাতির মধ্যে ছড়াইয়া দেওয়ার আহ্বান জানান। তিনি বলেন, জাতিকে অন্ধকারে রাখিয়া জনসংখ্যা নিয়ন্ত্রণ কর্মসূচীসহ কোন উন্নয়ন প্রচেষ্টা যেমন সফল হইবে না, তেমনি

(২য় পৃঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

(১ম পৃঃ পর)

সার্বিক জাতীয় উন্নয়নও সম্ভবপর নয়। প্রধানমন্ত্রী গতকাল (সোমবার) জাতীয় শিক্ষা সপ্তাহ-৯০-এর জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত অনুষ্ঠানমালার সমাপ্তি দিনে শিল্পকলা-একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এ কথা বলেন। শিক্ষা প্রতিমন্ত্রী মুনসুর আলী সরকার ও শিক্ষা সচিব আনম ইউসুফও অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

প্রধানমন্ত্রী বলেন, শিক্ষাক্ষেত্রে গতিশীলতা আনয়ন এবং ২000 সালের মধ্যে সবার জন্য শিক্ষা কর্মসূচীকে বাস্তবায়নের লক্ষ্যে অচিরেই জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদ গঠন করা হইবে। শিক্ষক, জনপ্রতিনিধি, বুদ্ধিজীবীসহ সমাজের বিভিন্ন স্তরের প্রতিনিধিত্ব এ পরিষদে থাকিবে। তিনি বলেন, পরিষদ শিক্ষাক্ষেত্রে বিরাজিত সমস্যা চিহ্নিত, সমাধানের পথ নির্দেশ এবং শিক্ষা প্রশাসনে বিরাজমান দুর্নীতি ও অব্যবস্থাসহ শিক্ষাংগনের সার্বিক নৈরাজ্য উৎপাটনের লক্ষ্যে কাজ করিবে।

পরে প্রধানমন্ত্রী বিভিন্ন ক্ষেত্রে জাতীয় পর্যায়ের নির্বাচিতদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

উল্লেখ্য, জাতীয় শিক্ষা সপ্তাহ ১৯৯০ উদযাপন কার্যক্রমের অংশ হিসাবে দেশের ২৪টি শিক্ষা প্রতিষ্ঠান, ৪১ জন শিক্ষক এবং ৩ জন শিক্ষা প্রশাসককে পুরস্কৃত করা হয়। —তথ্যবিবরণী